# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: প্রথম পত্র

বিষয় কোড : ২ ৯ ২

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ৭ টি প্রশ্নের উত্তর দাও।]

১. আকাশ কোম্পানির মূলধন কাঠামো এবং মূলধনের পরিমাণ নিম্নরূপ:

| বিবরণ | মূলধনের পরিমাণ টাকা |
|---|---|
| সাধারণ শেয়ার মূলধন (প্রতিটি ১০০ টাকা) | ৪,০০,০০০ |
| ১২% অগ্রাধিকার শেয়ার মূলধন | ৩,০০,০০০ |
| ১৫% ঋণকৃত মূলধন | ৩,০০,০০০ |
| মোট | ১০,০০,০০০ |

কোম্পানির সাধারণ শেয়ার প্রতিটি বর্তমানে ১২০ টাকায় বিক্রয় হচ্ছে। শেয়ার প্রতি প্রত্যাশিত লভ্যাংশের পরিমাণ ১০ টাকা, প্রবৃদ্ধির হার ৫%। কোম্পানির করের হার ৪০%। প্রত্যাশিত সামগ্রিক মূলধন ব্যয় ১২.১৫%।

ক. মূলধন ব্যয় কী? ১

খ. নন ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানের সাধারণ শেয়ারের ব্যয় নির্ণয় করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত তথ্যের ভিত্তিতে প্রতিষ্ঠানের সামগ্রিক মূলধন ব্যয় হ্রাস করা সম্ভব কিনা? গাণিতিকভাবে বিশ্লেষণ করো। ৪

২. HMG লিমিটেড চামড়া প্রক্রিয়াজাতকারী প্রতিষ্ঠান। চামড়া প্রক্রিয়াজাতকণে ব্যবহৃত ক্যামিক্যাল এবং উৎপাদিত বর্জ্যসমূহ বুড়িগজ্ঞায় গিয়ে মিশে। প্রতিষ্ঠানটি নদীর পানি, মাটি ও পরিবেশের কথা চিন্তা করে ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করে। এজন্য তাদের ২৫ লক্ষ টাকা প্রয়োজন। প্রতিষ্ঠানটি মূলধন সংগ্রহের জন্য এমন উৎসের কথা বিবেচনা করছে যেখান থেকে কর সুবিধা পাওয়া যাবে এবং মূলধন সরবরাহকারীগণ কোম্পানির প্রকৃত মালিক হতে পারবে না।

ক. ট্রেজারি বন্ড কাকে বলে? ১

খ. মুনাফা ও তারল্যের মধ্যে সমমুখী সম্পর্ক বিদ্যমান" তুমি কি একমত? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত HMG লিমিটেড কোন ধরনের মূলধন সংগ্রহের কথা ভাবছেন তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রকল্পের বিনিয়োগটি অর্থায়নের কোন ধারণার সাথে সম্পর্কযুক্ত এবং কেন? মূল্যায়ন করো। ৪

teachingbd24.com

৩. ফারহান ও করিম দুই বন্ধু। তারা আর্থিক বাজারে বিনিয়োগ করতে আগ্রহী। করিমের সঞ্চিতি অর্থ অল্প থাকায় সে এক বছরের কম সময়ের জন্য বিনিয়োগ করাটাকেই শ্রেয় মনে করছে। অন্যদিকে, ফারহানের বাবা ফারহানকে এমন একটি ক্ষেত্রে বিনিয়োগ করতে পরামর্শ দিলেন যেখানে ক্ষতির সম্ভাবনা নেই বললেই চলে। কারণ তিনি যেক্ষেত্রে বিনিয়োগ করেছেন তা বিগত তিন বছর কোন মুনাফা প্রদান করেনি। পাশাপাশি নিয়ন্ত্রণকারী সংস্থাও বাজারটিকে সুষ্ঠুভাবে নিয়ন্ত্রণ করতে পারছে না। বিধায় তিনি এই বাজারের প্রতি আস্থা হারাচ্ছেন।

ক. মূলধন বাজার কাকে বলে? ১

খ. আর্থিক প্রতিষ্ঠান বলতে কী বুঝায়? ২

গ. করিম কোন বাজারে বিনিয়োগের চিন্তা করছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে ফারহানের বাবার আস্থা ফিরিয়ে আনতে নিয়ন্ত্রণকারী সংস্থার ভূমিকা বিশ্লেষণ করো। ৪

৪. মিজান সাহেব তার একমাত্র ছেলেকে বিদেশে পড়াশোনা করতে পাঠাতে চান। ১০ বছর পর মিজান সাহেবের এ নিমিত্তে প্রচুর অর্থের প্রয়োজন হবে। তাই তিনি সঞ্চয়ের পরিকল্পনা করলেন। ABC ব্যাংক তাকে তিনটি প্রস্তাব দিয়েছে। ১ম প্রস্তাব অনুযায়ী তিনি প্রতি মাসের শুরুতে ৭,০০০ টাকা ১০% সুদের হারে জমা করবেন। দ্বিতীয় প্রস্তাব অনুযায়ী ৭,৫০০ টাকা করে প্রতি মাসের শেষে ৯% সুদের হারে জমা করবেন এবং ৩য় প্রস্তাব অনুযায়ী এককালীন ৩,০০,০০০ টাকা জমা রাখলে ১০ বছর পরে ৯,০০,০০০ টাকা পাবেন।

ক. সময় রেখা কী? ১

খ. চক্রবৃদ্ধিকরণ বলতে কী বুঝায়? ২

গ. ৩য় প্রস্তাব অনুযায়ী মিজান সাহেবের প্রাপ্ত সুদের হার নির্ণয় করো। ৩

ঘ. "১ম প্রস্তাব থেকে মিজান সাহেব সর্বোচ্চ অর্থ পাবেন।"- উক্তিটির সাথে তুমি কি একমত? ৪

৫. জনাব অয়ন সাহেব একজন গাড়ী ব্যবসায়ী। তিনি তার বর্তমান ব্যবসায়ের পাশাপাশি প্রাথমিকভাবে শেয়ার বাজারে বিনিয়োগ করতে চাইছেন। যেহেতু তিনি-এর আগে শেয়ার বাজারে বিনিয়োগ করেন নাই, তাই মাত্র ১০,০০,০০০ টাকা নিয়ে শেয়ার ব্যবসায় শুরু করেন। তিনি জানতে পারেন একটি কোম্পানির শেয়ারে বিনিয়োগ না করে সবসময় একের অধিক কোম্পানির শেয়ারে বিনিয়োগ করা উচিত। এই কারণে তিনি 'A' ও 'B' দু'টি কোম্পনির শেয়ারে যথাক্রমে ৬,০০,০০০ টাকা ও ৪,০০,০০০ টাকা বিনিয়োগ করেন, যাদের প্রত্যাশিত আয়ের হার যথাক্রমে ১০% এবং ১৩%। এছাড়া তাদের আদর্শ বিচ্যুতি যথাক্রমে ৭% এবং ৮% এবং সহসম্বন্ধ, -০.৫০।

ক. বিভেদাংক কী? ১

খ. কখন একটি বিনিয়োগকে ঝুঁকিমুক্ত বিনিয়োগ বলা যায়? ব্যাখ্যা করো। ২

https://teachingbd24.com

গ. জনাব অয়ন সাহেবের বিনিয়োগ থেকে পোর্টফোলিও প্রত্যাশিত আয়ের হার নির্ণয় করো। ৩

ঘ. জনাব অয়ন সাহেবের বিনিয়োগ কী সঠিক? গাণিতিকভাবে ব্যাখ্যা করো। ৪

৬. মিসেস সোনিয়া তার গ্রামের বাড়ী বিক্রি করে ১০,০০,০০০ টাকা পেল। উক্ত টাকা তিনি একটি ব্যাংকে ৫ বছরের জন্য রাখার সিদ্ধান্ত নিলেন। তার নিকট দু'টি বিকল্প প্রস্তাব রয়েছে। পদ্মা ব্যাংক তাকে ১২% হারে বার্ষিক চক্রবৃদ্ধি সুদ প্রদান করবে। অন্য দিকে মেঘনা ব্যাংক তাকে ১০% হারে মাসিক চক্রবৃদ্ধি সুদ প্রদান করবে।

ক. অর্থের ভবিষ্যত মূল্য কী? ১

খ. বার্ষিক বৃত্তি বলতে কী বুঝায়? ২

গ. মেয়াদ শেষে মিসেস সোনিয়ার পদ্মা ব্যাংক হতে মোট কত টাকা পাবেন তা নির্ণয় করো। ৩

ঘ. মিসেস সোনিয়ার জন্য কোন ব্যাংকে টাকা রাখা লাভবান হবে? বিশ্লেষণ করো। ৪

৭. PSL কোম্পানি বিদ্যুত সাশ্রয়ী বাতি উৎপাদন ও বিক্রি করে। কোম্পানির প্রাসজ্গিক তথ্যাদি নিম্নরূপ:

বার্ষিক বিক্রি (২,৫০০ একক.৫,০০,০০০ টাকা এবং বার্ষিক স্থির ব্যয় ১,৬০,০০০ টাকা। একক প্রতি পরিবর্তনশীল ব্যয় ১২০ টাকা।

ক. নগদ প্রবাহ কী? ১

খ. আর্থিক বিশ্লষণ কেন করা হয়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের তথ্যাবলির আলোকে PSL কোম্পানির সমচ্ছেদ বিন্দু নির্ণয় করো। ৩

ঘ. PSL কোম্পানি যদি ১,২০,০০০ টাকা মুনাফা করতে চায় তবে কত টাকার বাতি উৎপাদন ও বিক্রি করতে হবে? ৪

৮. মুন কোম্পানি লি.-এর পণ্যের বার্ষিক চাহিদা ৩,০০,০০০ একক। প্রতিটি ফরমায়েশ সম্পন্ন করতে ব্যয় হয় ৫০০ টাকা। বহন খরচ একক প্রতি ১২ টাকা। প্রতিষ্ঠানটির ধারে বিক্রয়কৃত পণ্যের মূল্য আদায় করতে গড়ে ৬৫ দিন সময় লাগে। বাকীতে ক্রয়কৃত পণ্যে মূল্য পরিশোধ করে গড়ে ৪৫ দিনে। প্রতিষ্ঠানটির মজুদ পণ্যের গড় অবস্থান ৩৫ দিন। বার্ষিক নগদ বহিঃপ্রবাহ ১ কোটি টাকা। প্রতিষ্ঠানটির ব্যবস্থাপক ন্যূনতম নগদ পরিমাণ ১৫ লক্ষ টাকা রাখার সিদ্ধান্ত নিয়েছেন।

ক. ব্যবসায় ঋণ কী? ১

খ. মিতব্যয়ী ফরমায়েশ বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানের মোট মজুদ ব্যয় নির্ণয় করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত ব্যবস্থাপকের সিদ্ধান্ত গাণিতিকভাবে বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

৯. জামাল লিমিটেড কোম্পানি তার মূলধন বৃদ্ধির লক্ষ্যে ৬,০০০ টাকা লিখিত মূল্যের ১৩% অগ্রাধিকার শেয়ার ইস্যু করে, যার বাজারমূল্য ৫,৫০০ টাকা এবং বিক্রয় ব্যয় ৩৫০ টাকা। শেয়ার ইস্যুর দিন থেকে মেয়াদকাল ৬ বছর। অন্যদিকে কোম্পানি ১৫% ঋণপত্রও ইস্যু করতে পারেন যার বাজারমূল্য ৫,৮০০ টাকা। লিখিত মূল্য ৬,০০০ টাকা এবং ভাসমান ব্যয় ৩০০ টাকা, মেয়াদ ৫ বছর এবং কোম্পানির কর হার ৪৫%।

ক. মূলধন ব্যয় কাকে বলে? ১

খ. ঋণপত্র ইস্যু করলে কোম্পানি অগ্রাধিকার শেয়ারের তুলনায় কী সুবিধা পায়। ২

গ. উদ্দীপকের অগ্রাধিকার শেয়ারের মূলধন ব্যয় নির্ণয় করো। ৩

ঘ. উদ্দীপকের অগ্রাধিকার শেয়ারের পরিবর্তে ঋণপত্র ইস্যু করলে কোম্পানির আর্থিক অবস্থার উপর কী প্রভাব পড়বে, তা বিশ্লেষণ করো। ৪

১০. উত্তরা লি. বাজারে বন্ড ছেড়েছে যার অভিহিত মূল্য ১,০০০ টাকা এবং মেয়াদকাল ১৫ বছর। কুপন সুদের হার ১২% এবং বাজারমূল্য ১,২৫০ টাকা।

ক. শেয়ার কী? ১

খ. বন্ডের বর্তমান উপার্জন হার বলতে কী বুঝায়? ২

গ. মেয়াদ শেষে ১০% অধিহারে মূল্য পরিশোধ করা হলে বন্ডের আয়ের হার নির্ণয় করো। ৩

ঘ. যদি ১০ বছর পরে বন্ডটি ১২% অধিহারে তলব করা হয় তবে তলবী আয়ের হার নির্ণয় করো। ৪

১১. XYZ কোম্পানির ৭০,০০০ টাকা মূল্যের একটি নতুন মেশিন ক্রয়ের বিষয় বিবেচনা করছে। কোম্পানির মূলধন ব্যয় ১০% এবং কর্পোরেট করের হার ৪০%। মেশিনটি ব্যবহারের মাধ্যমে আগামী ৫ বছর নিম্নলিখিত হারে করপূর্বর্তী নগদ প্রবাহ আশা করা যাচ্ছে—

| বছর | করপূর্ববর্তী নগদ প্রবাহ |
|---|---|
| ১ | ১৪,০০০ |
| ২ | ২১,০০০ |
| ৩ | ৩২,০০০ |
| ৪ | ৩০,০০০ |
| ৫ | ২১,০০০ |

ক. গড় উপার্জন হার কী? ১

খ. প্রকল্প মূল্যায়ন বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত মেশিনটির পরিশোধকাল কত? ৩

ঘ. নিট বর্তমান মূল্যের আলোকে মেশিনটি ক্রয়ের বিষয়ে কোম্পানির সিদ্ধান্ত কী হওয়া উচিত? বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

# ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: প্রথম পত্র (বহুনির্বাচনি)

সময় ৪৩০ মিনিট পূর্ণমান—৩০

[ বিশেষ দ্রষ্টব্য ৪ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১ ]

**১. কোনটি অর্থায়নের সিদ্ধান্ত বহির্ভূত?**
ক) বিনিয়োগ সিদ্ধান্ত
খ) মূলধন কাঠামো সিদ্ধান্ত
গ) লভ্যাংশ সিদ্ধান্ত ঘ) সমন্বয় সিদ্ধান্ত

**২. সম্পদ সর্বাধিকরণে বিবেচনা করা হয়—**
i. ঝুঁকি
ii. নগদ প্রবাহ
iii. মুনাফা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৩. একটি কোম্পানির মজুদপণ্যের গড় অবস্থান কাল ৩০ দিন এবং বাকি আদায়ের গড় সময় ৪০ দিন। গড় পরিশোধ কাল ২০ দিন হলে নগদ রূপান্তর চক্র কত দিন?**
ক) ৪০ দিন খ) ৫০ দিন
গ) ৬০ দিন ঘ) ৭০ দিন

**৪. জনাব রাফি অগ্রণী ব্যাংকে ২০,০০০ টাকা জমা রেখে ১০ বছর পর ৪০,০০০ টাকা উত্তোলন করেন। বিধি ৭২ অনুযায়ী উক্ত বিনিয়োগের ওপর তার অর্জিত সুদের হার কত?**
ক) ১০.০০% খ) ৮.০০%
গ) ৭.২৫% ঘ) ৭.২০%

**৫. আমান লি.-এর প্রতি বোতল পানির কাঁচামাল ও মজুরি বাবদ ব্যয় হ্রাস পাওয়ার কারণে প্রতি এককের বিক্রয় মূল্যও সমপরিমাণ হ্রাস করা হয়। এর ফলে যা ঘটবে—**
i. ব্রেক-ইভেন পয়েন্টে টাকা হ্রাস পাবে
ii. কন্ট্রিউবিশন মার্জিন অনুপাত বৃদ্ধি পাবে
iii. ব্রেক-ইভেন পয়েন্টে একক স্থির থাকবে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৬. প্রকৃত সুদের হার নির্ণয়ের সূত্র কোনটি?**
ক) $EIR = \left(1 + \frac{i}{m}\right)^m + 1$
খ) $EIR = \left(1 + \frac{m}{i}\right)^m - 1$
গ) $EIR = \left(1 + \frac{i}{m}\right)^m - 1$
ঘ) $EIR = \left(1 + \frac{i}{m}\right)^n - 1$

**৭. IPO এর পূর্ণরূপ কী?**
ক) International public office
খ) Initial public offer
গ) Initial public office
ঘ) Initial public offering

**উদ্দীপকটি পড়ো এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. আলী মার্কেন্টাইল ব্যাংকের একটি স্কীমে ১,০০,০০০ টাকা জমা রাখেন। মার্কেন্টাইল ব্যাংকের এই স্কীমে ৫ বছর ১০% হারে চক্রবৃদ্ধি সুদ পাবেন।

**৮. মি. আলীর ব্যাংকে জমাকৃত টাকাকে কোন ধরনের নগদ প্রবাহের অন্তর্ভুক্ত করা হয়?**
ক) সাধারণ বার্ষিক বৃত্তি
খ) অগ্রিম বার্ষিক বৃত্তি
গ) এককালীন নগদ প্রবাহ
ঘ) মিশ্র নগদ প্রবাহ

**৯. মি. আলী ৫ বছর শেষে কত টাকা পাবেন?**
ক) ১,৫১,০৫১ টাকা খ) ১,৬১,০৫১ টাকা
গ) ১,৬০,০৫১ টাকা ঘ) ১,৫০,০০০ টাকা

**১০. একটি ফার্মের মূল লক্ষ্য নিচের কোনটি?**
ক) শেয়ার প্রতি আয় বৃদ্ধি করা
খ) বিনিয়োগের আয় বৃদ্ধি করা
গ) সাধারণ শেয়ারের মূল্য বৃদ্ধি করা
ঘ) সাধারণ শেয়ার মূলধন বৃদ্ধি করা

**উদ্দীপকটি পড়ো এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও।**
আবু জাফর কটন মিলের একক প্রতি বিক্রয়মূল্য ১২০ টাকা। পরিবর্তনশীল ব্যয় ৮০ টাকা ও সমচ্ছেদ বিন্দু ২৪,০০২ টাকা। কিন্তু উক্ত কোম্পানির স্থায়ী ব্যয় জানা নাই।

**১১. আবু জাফর কটন মিলের স্থায়ী ব্যয় কত টাকা হবে?**
ক) ৭,০০০ খ) ৮,০০০
গ) ৯,০০০ ঘ) ১০,০০০

**১২. আবু জাফর কটন মিলের অনুদান প্রান্ত কত টাকা হবে?**
ক) ৩০ খ) ৩৫
গ) ৪০ ঘ) ৪৫

**১৩. 'বকেয়া খরচ' কোন ধরনের অর্থসংস্থান?**
ক) বাহ্যিক খ) মধ্য মেয়াদি
গ) অভ্যন্তরীণ ঘ) দীর্ঘমেয়াদি

**১৪. বর্তমান ও ভবিষ্যত মূল্য সমান হবে—**
i. মেয়াদকাল শূন্য হলে
ii. সুদের হার শূন্য হলে
iii. বার্ষিক চক্রবৃদ্ধির সংখ্যা এক হলে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও iii খ) i ও ii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও।**
রফিক লি. শতকরা ১২ টাকা হারে বন্ড ইস্যু করেছে যার অভিহিত মূল্য ১,০০০ টাকা। বন্ডের বর্তমান বাজার মূল্য ১,২০০ টাকা। প্রয়োজনীয় আয়ের হার ১০%।

**১৫. রফিক লি.-এর বন্ডের চলতি ইল্ড কত?**
ক) ৯% খ) ১০%
গ) ১১% ঘ) ১২%

https://teachingbd24.com

১৬. প্রয়োজনীয় আয়ের হার হ্রাস পেয়ে ৭% হলে—
i. বন্ডের অন্তর্নিহিত মূল্য হবে ১,৭১৪ টাকা
ii. বন্ডে বিনিয়োগ লাভজনক হবে
iii. বার্ষিক সুদের পরিমাণ হ্রাস পাবে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

১৭. তারল্য ও মুনাফার মধ্যে সম্পর্ক কিরূপ?
(ক) ধনাত্মক (খ) ঋণাত্মক
(গ) নিরপেক্ষ (ঘ) সমানুপাতিক

১৮. নগদ সংরক্ষণের উদ্দেশ্য হলো—
i. লেনদেন
ii. পূর্ব সতর্কতামূলক
iii. নিট লাভ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৯. পরিচালন আয় হতে ব্যয় মেটাতে না পারার সম্ভাবনাকে কী বলা হয়?
(ক) আর্থিক ঝুঁকি (খ) ব্যবসায়িক ঝুঁকি
(গ) সুদ হার ঝুঁকি (ঘ) তারল্য ঝুঁকি

২০. মানি লন্ডারিং যে তিনটি মৌলিক ধাপে সংঘটিত হয় তা নিচের কোনটি?
(ক) প্লেসমেন্ট, লেয়ারিং, ইন্টিগ্রেশন
(খ) প্লেসমেন্ট, লিভারেজ, ইন্টিগ্রেশন
(গ) প্লেসমেন্ট, লিভারিং, ইন্টারমিডিয়েট
(ঘ) প্লেসমেন্ট, লেয়ারিং, ইন্টিগ্রেটিং

২১. মুনাফার হারের উপাদান হলো—
i. লভ্যাংশ/সুদ
ii. মূলধনী লাভ বা লোকসান
iii. নগদ বিক্রয়
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২২. ঝুঁকি মুক্ত আয়ের হার ৮%, বাজার আয়ের হার ১৫% এবং এবিসি কোম্পানি লি.-এর বিটা ২। প্রয়োজনীয় উপার্জন হার কত?
(ক) ২০% (খ) ২২%
(গ) ২৩% (ঘ) ২৫%

২৩. নিচের কোন প্রকল্পটি গ্রহণ করা উচিত?
(ক) যে প্রকল্পের IRR সর্বনিম্ন
(খ) যে প্রকল্পের ARR সর্বনিম্ন
(গ) যে প্রকল্পের NPV সর্বাধিক
(ঘ) যে প্রকল্পের PBP সর্বাধিক

উদ্দীপকটি পড়ো এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও।
সুজন একটি নতুন প্রকল্পে বিনিয়োগ করার কথা ভাবছে। তিনি আর্থিক ব্যবস্থাপক জনাব ছগিরকে প্রকল্পের লাভজনকতা বিচার করার দায়িত্ব দিলেন। জনাব ছগির বিনিয়োগের পক্ষে সুপারিশ করলেন এবং নিশ্চিত করলেন ৩ বছরের মধ্যে বিনিয়োগকৃত মূলধন ফেরত আসবে।

২৪. জনাব ছগির কোন পদ্ধতিটি ব্যবহার করে বিনিয়োগের পক্ষে সুপারিশ করলেন?
(ক) আন্তঃ আয় হার (খ) নিট বর্তমান মূল্য
(গ) পে-ব্যাক সময় (ঘ) গড় মুনাফার হার

২৫. জনাব ছগির যে পদ্ধতিটি ব্যবহার করেছে তার সীমাবদ্ধতা হলো—
i. এটি অর্থের সময় মূল্য বিবেচনা করে না
ii. এটি নগদ প্রবাহ বিবেচনা করে না
iii. এটি প্রাথমিক বিনিয়োগ বিবেচনা করে না
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৬. CAPM-এর পূর্ণরূপ কোনটি?
(ক) Capital Asset Pricing Model
(খ) Current Asset Pricing Model
(গ) Current Asset Money Model
(ঘ) Current Asset Policy Model

উদ্দীপকটি পড়ো এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও।
আলফা কোম্পানির মূলধন কাঠামো ও মূলধন ব্যয় নিম্নরূপ:

| মূলধনের উৎস | পরিমাণ (টাকায়) | মূলধন ব্যয় |
|---|---|---|
| সাধারণ শেয়ার | ১০,০০,০০০ | ১২% |
| অগ্রাধিকার শেয়ার | ২,০০,০০০ | ১৬% |
| ১০% ঋণ পত্র | ২,০০,০০০ | |
| সংরক্ষিত মুনাফা | ১,০০,০০০ | |

কর্পোরেট কর ৪০% এবং ব্যক্তিগত কর হার ২০%।

২৭. অগ্রাধিকার শেয়ার মূলধনের ভার কত?
(ক) ০.১০ (খ) ০.১৩
(গ) ০.২৬ (ঘ) ০.৩৩

২৮. উদ্দীপকে উল্লিখিত কোন উৎসের ব্যয় সর্বনিম্ন?
(ক) ঋণপত্র (খ) সংরক্ষিত মুনাফা
(গ) সাধারণ শেয়ার (ঘ) অগ্রাধিকার শেয়ার

২৯. অগ্রাধিকার শেয়ার মালিকগণ যে সমস্ত ক্ষেত্রে সাধারণ শেয়ার মালিক অপেক্ষা অগ্রাধিকার ভোগ করে—
i. ভোটাধিকার
ii. লভ্যাংশ প্রাপ্তি
iii. মূলধন ফেরত প্রাপ্তি
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩০. বাংলাদেশে নন ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ কত সালের আর্থিক প্রতিষ্ঠান আইন অনুযায়ী পরিচালিত হয়?
(ক) ১৯১৩ (খ) ১৯৯৩
(গ) ১৯৯৪ (ঘ) ২০০১

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | ক | ৩ | খ | ৪ | ঘ | ৫ | গ | ৬ | গ | ৭ | ঘ | ৮ | গ | ৯ | খ | ১০ | গ | ১১ | গ | ১২ | গ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | খ |
| ১৬ | ক | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | খ | ২০ | ক | ২১ | ক | ২২ | খ | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | গ | ৩০ | খ |

https://teachingbd24.com